মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

১০১৪/নিউ, সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম
Website : www.bise-ctg.gov.bd

কলেজ শাখা

স্মারক নং- চশিবো/ক-শা/ বিজ্ঞপ্তি/৫৫/৯৫(অংশ-১)/৮৮২১ (২৮০)　　তারিখ : ০৬/১১/২০২৩খ্রি:

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের দ্বাদশ শ্রেণিতে কলেজ পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা এইবোর্ডের কলেজ/স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান এবং দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ও eSIF (রেজিস্ট্রেশন) কৃত অগ্রহী শিক্ষার্থীদের দ্বাদশ শ্রেণিতে কলেজ পরিবর্তনের আবেদন বোর্ডে গ্রহণের সময় আগামী **০৮/১১/২০২৩ তারিখ থেকে ৩১/১২/২০২৩ তারিখ** পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। শিক্ষাবোর্ডের www.bise-ctg.gov.bd ওয়েবসাইটে এই নোটিশের সাথে প্রদর্শিত কলেজ/বোর্ড পরিবর্তনের আবেদন ফরমের নিয়মাবলী ও এই বিজ্ঞপ্তির নির্দেশনা গুরুত্বের সাথে অনুসরণ পূর্বক ফি ও প্রামাণ্য কাগজপত্রসহ উক্ত ফরম পূরণ করে নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডের কলেজ শাখায় আবেদন জমা দিতে হবে।

*** এ নোটিশের সাথে সংযুক্ত নির্ধারিত ফরম ব্যতীত কোনো আবেদন গ্রহণযোগ্য নয়।**

*** বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে ছাড়পত্র ইস্যু করা যাবে না।**

*** বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে ছাড়পত্রের মাধ্যমে কোনো শিক্ষার্থীকে কলেজে ভর্তি করা যাবে না।**

*** অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না।**

*** ছাড়পত্রের মাধ্যমে কলেজ / বোর্ড পরিবর্তনের প্রত্যয়ন / সুপারিশদানের ক্ষেত্রে কলেজ অধ্যক্ষগণকে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই অনুসরণ করতে হবে :-**

১। কলেজের চাহিত ন্যূনতম জিপিএ এবং শিক্ষার্থীর পঠিত বিষয়ের মিল থাকা সাপেক্ষে বিভাগসমূহে (বিজ্ঞান/ মানবিক/ব্যবসায় শিক্ষা/গার্হস্থ্য বিজ্ঞান) আসন শূন্য থাকলে বা কোনো কারণে শূন্য হলে ছাড়পত্রের মাধ্যমে কোনো শিক্ষার্থী ভর্তির সুপারিশ করা যাবে।

২। পঠিত বিষয়ের সমর্থনে eSIF/ রেজিস্ট্রেশন এর সত্যায়িত কপি এবং বিষয় পরিবর্তনের ক্ষেত্রে বোর্ডের আদেশের কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে ও eSIF এর ক্রমিক উল্লেখ করতে হবে।

৩। আবেদন ফরমের সকল প্রয়োজনীয় তথ্য ও শর্ত পূরণ করতে হবে।

৪। বোর্ড অনুমতি দিলে কলেজ ছাড়পত্র ইস্যু করবে। ছাড়পত্র দেয়ার ক্ষেত্রে কোনো অগ্রিম বেতন নেয়া যাবে না।

৫। সুপারিশকৃত আবেদনের ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।

৬। ভর্তিকৃত শিক্ষার্থীর আবেদন ফরমে বর্তমান কলেজের অধ্যক্ষ কর্তৃক ৬নং অনুচ্ছেদ পূরণপূর্বক সুপারিশের পর ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ আবেদন ফরমের ৭নং অনুচ্ছেদ নির্দেশনা মোতাবেক পূরণপূর্বক সুপারিশ করবেন।

*** ছাড়পত্রের মাধ্যমে কলেজ/ বোর্ড পরিবর্তনের ক্ষেত্রে কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই অনুসরণ করতে হবে :-**

১। আবেদনপত্রের সাথে শিক্ষার্থীর এসএসসি বা সমমান পরীক্ষার মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট-এর ফটোকপি, উচ্চ মাধ্যমিক পর্যায়ে অনলাইন ভর্তি ও রেজিস্ট্রেশনের সমর্থনে eSIF এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২। এবোর্ডের আওতাধীন এলাকায় দ্বাদশ শ্রেণিতে কলেজ পরিবর্তনের ক্ষেত্রে ফি-১০০০/-(এক হাজার) টাকা সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে মুরাদপুরস্থ বোর্ড ভবনে অবস্থিত সোনালী ব্যাংক বুথে জমা দিয়ে ব্যাংক রশিদের কলেজ শাখার সংশ্লিষ্ট অংশটি অবশ্যই আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে (ডি.ডি/ পে-অর্ডারও বোর্ড ভবনে অবস্থিত সোনালী ব্যাংক বুথে জমা দিতে পারবে)। বোর্ডের ওয়েব সাইটে অনলাইন পেমেন্টের মাধ্যমেও ফি পরিশোধ করা যাবে।

৩। কোন শিক্ষার্থী উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিষয় সংশোধন/৪র্থ বিষয় বাতিল বা সংযোজন করে থাকলে এর স্বপক্ষে প্রামাণ্যপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে এবং পরিবর্তিত বিষয়ের সাথে বর্তমান কলেজ ও চাহিত কলেজের অনুমোদিত বিষয়ের সাথে মিল থাকতে হবে।

৬/১১/২৩
(প্রফেসর মোঃ জাহেদুল হক)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
চট্টগ্রাম।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

১০১৪/নিউ, সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম
Website : www.bise-ctg.gov.bd

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের দ্বাদশ শ্রেণিতে ছাড়পত্রের মাধ্যমে কলেজ/বোর্ড পরিবর্তনের অনুমতির আবেদন ফরম

(বিশেষ নির্দেশনাবলী অতীব গুরুত্বের সাথে যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হল, অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নয়)

বরাবর
কলেজ পরিদর্শক
মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

১। ক) শিক্ষার্থীর নামঃ.. মোবাইল নম্বর ....

খ) পিতার নাম ঃ.. মোবাইল নম্বর ....

মাতার নামঃ.. মোবাইল নম্বর ....

২। ক) বর্তমান কলেজের নাম ঃ.. EIIN ....

খ) ডাকঘরঃ .... থানা/উপজেলাঃ ....জেলা...

গ) একাদশ ভর্তির শিক্ষাবর্ষ ঃ.................................... গ্রুপ-.....................................বর্তমান শ্রেণি ঃ................ শ্রেণি রোল নং ....

ঘ) বর্তমান কলেজে পঠিত বিষয়সমূহ (বিষয় কোডসহ)ঃ সকল শাখার শিক্ষার্থীদের আবশ্যিক বিষয় : ১. বাংলা (১০১,১০২) ২. ইংরেজি (১০৭,১০৮) ৩.তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫), শাখা ভিত্তিক আবশ্যিক বিষয় ও বিষয় কোড- ১)... (২) ....
(৩).. ৪র্থ বিষয় (ঐচ্ছিক) ....

৩। ক) ছাড়পত্রের মাধ্যমে ভর্তি হতে ইচ্ছুক কলেজের নাম .... EIIN ....

খ) শিক্ষা বোর্ডের নাম ও ঠিকানা : ....

৪। এসএসসি'র রোল নম্বর:.............................. রেজিস্ট্রেশন নম্বর:... সেশন...

পাসের সন.................... প্রাপ্ত জিপিএ................ শিক্ষা বোর্ডের নাম ....

৫। কলেজ পরিবর্তনের কারণ (অভিভাবকের বদলী / বাসস্থান পরিবর্তন/ যাতায়াতের সমস্যা / অন্যান্য) :

....

দ্বাদশ শ্রেণিতে ছাড়পত্রের মাধ্যমে কলেজ / বোর্ড পরিবর্তনের অনুমতি দানের আবেদন জানাচ্ছি।

....
(পিতা/অভিভাবকের স্বাক্ষর) **(শিক্ষার্থীর স্বাক্ষর)**

৬। **বর্তমান কলেজের অধ্যক্ষের প্রত্যয়ন ও সুপারিশঃ** প্রত্যয়ন করা যাচ্ছে যে, আবেদনকারী এ কলেজে .... শিক্ষাবর্ষে ভর্তি হয়ে বর্তমানে দ্বাদশ শ্রেণিতে . . . . শাখায় (গ্রুপ) নিয়মিত শিক্ষার্থী হিসাবে অধ্যয়নরত। ৩ নং ক্রমিকে বর্ণিত বিষয়সমূহ বোর্ডে eSIF পূরণ করা হয়েছে। eSIF ক্রমিক নং-...........। উক্ত শিক্ষার্থীর এসএসসি এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এ কলেজে জমা আছে। উল্লিখিত তথ্য ও eSIF অনুযায়ী বিষয়সমূহ সত্য ও সঠিক। আবেদন অনুযায়ী কলেজ/বোর্ড পরিবর্তনের অনুমতি প্রদানের জন্য সুপারিশ করা হল।

....
অধ্যক্ষের স্বাক্ষর ও সীল এবং মোবাইল নম্বর:

৭। **ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষের প্রত্যয়ন ও সুপারিশঃ** এ কলেজে .... শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে .... শাখায় (গ্রুপ) বোর্ড কর্তৃক বরাদ্দকৃত আসনের বিপরীতে .... জন শিক্ষার্থী অধ্যয়নরত আছে। একাদশ ভর্তির সময় চাহিত ন্যূনতম জিপিএ ....। দ্বাদশ শ্রেণিতে ....টি আসন শূন্য আছে। eSIF অনুযায়ী ৩নং ক্রমিকে বর্ণিত বিষয়সমূহ এ কলেজে অনুমোদন আছে বিধায় আবেদন অনুযায়ী বোর্ড ছাড়পত্রের মাধ্যমে শিক্ষার্থীকে ভর্তির অনুমতি প্রদান করলে এ কলেজে ভর্তি করা হবে।

....
অধ্যক্ষের স্বাক্ষর ও সীল এবং মোবাইল নম্বর:

বি: দ্র:- ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষকে ছাড়পত্রের আবেদনে প্রত্যয়ন স্বাক্ষর করার পূর্বে তাঁর কলেজে আসন শূন্য আছে কিনা, শিক্ষার্থীর eSIF অনুযায়ী বিষয়সমূহ সঠিক আছে কিনা এবং একাদশ ভর্তির সময় নির্ধারিত ন্যূনতম জিপিএ আছে কিনা তা যাচাই করে দেখতে হবে। ছাড়পত্র প্রদানের সময় চলতি মাসের বেতন ব্যতিত অগ্রিম কোন অর্থ আদায় করা যাবে না।

বিশেষ নির্দেশনাবলীঃ

১। বোর্ড কর্তৃক ঘোষিত সময়ের মধ্যে নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। তবে বোর্ড পরিবর্তনের মাধ্যমে কলেজ পরিবর্তনের ক্ষেত্রে সময় শিথিলযোগ্য।

২। **আবেদনপত্রের সাথে শিক্ষার্থীর এস.এস.সি বা সমমান পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি, উচ্চ মাধ্যমিক পর্যায়ে xiclassadmission.gov.bd- অনলাইন/ম্যানুয়েল রেজিস্ট্রেশনের eSIF / রেজি: কার্ডের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং একাদশ শ্রেণি হতে দ্বাদশ শ্রেণিতে উত্তীর্ণের প্রমাণক অবশ্যই জমা দিতে হবে।**

৩। অন্তর্বোর্ডের আওতাধীন অনুমোদিত কলেজ থেকে অন্য কলেজে পরিবর্তনের ক্ষেত্রে ফি-১০০০/-(এক হাজার) টাকা / আন্ত:বোর্ড পরিবর্তনের ক্ষেত্রে ফি-১২০০/-(এক হাজার দুইশত) টাকা সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে মুরাদপুরস্থ বোর্ড ভবনে অবস্থিত সোনালী ব্যাংক বুথে জমা দিয়ে ব্যাংক রশিদের কলেজ শাখার সংশ্লিষ্ট অংশটি অবশ্যই আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে (ডিডি / পে-অর্ডারও বোর্ড ভবনে অবস্থিত সোনালী ব্যাংক বুথে জমা দিতে পারবে)। বোর্ডের ওয়েব সাইটে অনলাইন পেমেন্টের মাধ্যমেও ফি পরিশোধ করা যাবে।

৪। **Online বা ম্যানুয়াল eSIF-কৃত কলেজের সাথে পরিবর্তিত কলেজের পঠিত বিষয়সমূহ অবশ্যই মিল থাকতে হবে।**

৫। কোন শিক্ষার্থী উচ্চ মাধ্যমিক পর্যায়ে eSIF –এ রেজিস্ট্রেশনকৃত বিষয় পরিবর্তন করলে এর স্বপক্ষে প্রামাণ্যপত্র (বোর্ডের আদেশের কপি) আবেদনের সাথে দাখিল করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। নিয়মিত ভর্তিকৃত শিক্ষার্থী ছাড়া অনিয়মিত শিক্ষার্থী কলেজ / বোর্ড পরিবর্তনের সুযোগ নেই।

৬। ছাড়পত্র/অনুমতি প্রদানের ক্ষেত্রে বোর্ড কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।